

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা)
www.dme.gov.bd

রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন
গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ
হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০২.০২৬.১৮.১৮০

তারিখ: ২৫ বৈশাখ ১৪২৫

০৮ মে ২০১৮

বিষয়: নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলাধীন মীর আহমদপুর ফাজিল মাদরাসার গভর্নিং বডিতে
বিদ্যোৎসাহী সদস্য (ডিজির প্রতিনিধি) মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: (১) মীর আহমদপুর ফাজিল মাদরাসার স্মারক নং- ২০১/১ তারিখ: ০৭.১২.২০১৭খি.

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪ তারিখ: ০৯.০৯.২০১৫খি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, মীর আহমদপুর ফাজিল মাদরাসার গভর্নিং বডিতে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একজন বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের নিমিত্ত সূত্রোক্ত ১ নং স্মারকের মাধ্যমে মহোদয় কর্তৃক ০৩ (তিন) জনের নামের প্রস্তাব সম্বলিত একটি আবেদন দাখিল করা হয়েছে।

০২. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় -

(ক) বিদ্যোৎসাহী সদস্য প্রাপ্তির নিমিত্ত প্রস্তাবিত তালিকার ১ম ব্যক্তি জনাব মোঃ আবদুস সাত্তার দুলাল এস.এস.সি পাশ একজন ব্যক্তি। তিনি (জনাব মোঃ আবদুস সাত্তার দুলাল) মাদরাসার অবকাঠামো উন্নয়নে ২০১০ সালে এককালীন ২০,০০০/- (বিশ হাজার) টাকা দান করেন, ২০১৫ সালে এককালীন ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা প্রদান করেন এবং প্রতিষ্ঠানে শিক্ষার মান উন্নয়নে সার্বক্ষণিক খোঁজ-খবর রাখেন মর্মে মাদরাসার অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদনের সাথে সংযুক্ত পত্রে উল্লিখিত হয়েছে বিধায় বর্ণিত মাদরাসায় তিনি (জনাব মোঃ আবদুস সাত্তার দুলাল) বিদ্যোৎসাহী সদস্য হিসেবে কার্যকর ভূমিকা পালন করতে পারবেন মর্মে প্রতীয়মান হয়।

(খ) তাঁর (জনাব মোঃ আবদুস সাত্তার দুলাল) অনুকূলে সভাপতি ও অধ্যক্ষ, মীর আহমদপুর ফাজিল মাদরাসা এর সুপারিশ রয়েছে।

০৩. এমতাবস্থায় বর্ণিত বিষয়গুলো বিবেচনায় এনে সূত্রোক্ত ২নং স্মারকের ১৬ নং অনুচ্ছেদে (ফায়িল ও কামিল মাদরাসায় বিদ্যোৎসাহী সদস্য পদে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দান) বর্ণিত ক্ষমতা বলে জনাব মোঃ আবদুস সাত্তার দুলাল, পিতা: মরহুম-সুলতান আহমদ, গ্রাম: সায়েস্তানগর, ডাক: জমিদারহাট, উপজেলা: সেনবাগ, জেলা: নোয়াখালী -কে উক্ত মাদরাসার গভর্নিং বডির বিদ্যোৎসাহী সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন দেয়া হলো।



৮-৫-২০১৮

মোঃ আফাজ উদ্দিন

সহকারী পরিচালক

ফোন: ৪১০৩০১৬৭

অধ্যক্ষ

মীর আহমদপুর ফাজিল মাদরাসা ডাক: জমিদারহাট, উপজেলা:

বেগমগঞ্জ, জেলা: নোয়াখালী।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০২.০২৬.১৮.১৮০/১

তারিখ: ২৫ বৈশাখ ১৪২৫

০৮ মে ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

১) রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ধানমন্ডি, ঢাকা।

- ২) সভাপতি, মীর আহমদপুর ফাজিল মাদরাসা, ডাক: জমিদারহাট, উপজেলা: বেগমগঞ্জ, জেলা: নোয়াখালী।
- ৩) জনাব মোঃ আবদুস সাত্তার দুলাল, পিতা: মরহুম-সুলতান আহমদ, গ্রাম: সায়েস্তানগর, ডাক: জমিদারহাট, উপজেলা: সেনবাগ, জেলা: নোয়াখালী।



৮-৫-২০১৮

মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক